উপজেলা পরিষদ
ঝিনাইগাতী,শেরপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"।

## জানুয়ারি-২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত ঝিনাইগাতী'র পঞ্চম উপজেলা পরিষদের ২১তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার তারিখ ঃ ২১ জানুয়ারি,২০২১ খ্রি., সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

**০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী,শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি অত্র উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। অত:পর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিক আছে। এছাড়া হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম ও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০২। উপজেলা কৃষি অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, বর্তমান রবি মৌসুমে চলমান এবং এবছর বোরো আবাদের লক্ষ্যমাত্রা ১৩,১৬২ হেক্টর। ইতিমধ্যে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ৬০% অর্জন হয়েছেএবং আগামী ১৫ দিনের মধ্যে বোরো আবাদ সম্পন্ন হবে। বর্তমানে ঝিনাইগাতী উপজেলার সকল ইউনিয়নে সরিষাসহ অন্যান্য সকল রবি শস্যের বর্তমান অবস্থা খুবই ভালো। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ সার্বক্ষনিক মাঠে কর্মরত আছেন এবং কৃষকদেরকে পরামর্শ প্রদান করছেন। কৃষি উপকরণসমূহ যেমন সার,বীজ ও অন্যান্য সকল উপকরণসমূহের মজুদ স্বাভাবিক রয়েছে এবং ন্যায্যমূল্যে কৃষক এর নিকট সরবরাহযোগ্য। তিনি উপজেলা পরিষদ তহবিল থেকে কৃষকদের জন্য বিনামূল্যে শাক সবজির বীজ ক্রয় করে বিতরণ করার জন্য বিনীত আহব্বান করেন। এছাড়া কৃষি বিভাগের যাবতীয় সকল কার্যক্রম স্বাভাবিক গতিতে রয়েছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, উপজেলা প্রাণি সম্পদ বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৪। উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা মৎস্য বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভারঃ),ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আওতায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা (ভারঃ) ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান,ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের (২য় পর্যায়) এর আওতায় ঝিনাইগাতী উপজেলাধীন মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ হতে নতুন উপ-প্রকল্পের প্রস্তাব পাওয়া যায় যা নিম্নরূপঃ উপজেলাঃ ঝিনাইগাতী, ইউনিয়নঃ মালিঝিকান্দা<br>উপ-প্রকল্পের নামঃ রাংগামাটিয়া উপ-প্রকল্প। উক্ত উপ-প্রকল্পটি সভায় অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী প্রস্তাব করেন এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশ করার জন্য উপজেলা প্রকৌশলী প্রস্তাব করেন। এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের আওতায় সকল কাজ স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে জানান। | ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ণ প্রকল্পের (২য় পর্যায়) এর আওতায় ঝিনাইগাতী উপজেলাধীন মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত রাংগামাটিয়া উপ-প্রকল্পটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত প্রকল্পটি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাস্তবায়নের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| ২.০৭। **উপজেলা শিক্ষা অফিসার,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, উপজেলা শিক্ষা বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৮। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, ২০২১ ইং সনের ৬০-৬৫% বই মাধ্যমিক পর্যায়ে পেয়েছি এবং প্রতিষ্ঠান পর্যায়ে বিতরণ হয়েছে। বাকী বইগুলো আশা করা যাচ্ছে এমাসেই চলে আসবে এবং হাতে পেলেই তা স্বাস্থ্যবিধি মেনে বিতরণ করা হবে। প্রতিষ্ঠাণসমূহকেও স্বাস্থ্যবিধি মেনে বইগুলো বিতরণের জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৯। **উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা সমাজসেবা বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১০। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর জানান, ২০২০-২১ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২টি সাবমার্সিবল পাম্পসহ গভীর নলকূপ ও পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০টি সাবমার্সিবল পাম্পসহ গভীর নলকূপ ও ১টি রিংওয়েল স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১১। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, ভিজিডি কর্মসূচীর আওতায় ২০২১-২২ ভিজিডি চক্রের কার্ডধারীদের মধ্যে কার্ড বিতরনের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণকৃত কার্ডগুলো দ্রুত লেখা শেষ করে উপজেলা পর্যায়ে প্রেরণের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। ২০১৯-২০ ভিজিডি চক্রের উপকারভোগীদের মধ্যে তাদের সঞ্চয়ের অর্থ চলতি মাসের মধ্যে ফেরৎ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগীদের ২০২০-২১ অর্থবছরের উপকারভোগীদের ব্যাংক হিসাব খোলার কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১০ম ব্যাচের (জানুয়ারি/২১ হতে মার্চ/২১) প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১২। **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী,শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী শেরপুর। |
| ২.১৩। **উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৪। **উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী |
| ২.১৫। **রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর এর প্রতিনিধি** সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.১৬। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর |
| ২.১৭। উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, ঝিনাইগাতী, সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.১৮। **উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |

০৩। আলোচনার বিষয় ঃ বিভিন্ন সদস্য-র বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| | | |
|---|---|---|
| ৩.০১। চেয়ারম্যান, কাংশা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, কাংশা ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান কাংশা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০২। চেয়ারম্যান, ধানশাইল ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, ধানশাইল ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান ধানশাইল ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৩। চেয়ারম্যান, নলকুড়া ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, নলকুড়া ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান নলকুড়া ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৪। চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, গৌরীপুর ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান গৌরীপুর ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৫। চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, ঝিনাইগাতী ইউনিয়নের সালধা ব্রীজটির দুপার্শ্বে ভেঙ্গে যাওয়ায় তা জরুরীভাবে মেরামতের প্রস্তাব করেন। এছাড়া ঝিনাইগাতী ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | আলোচনা কলামে বর্ণিত ব্রীজটির দুপার্শ্বে মেরামতের নিমিত্ত উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতীকে সরেজমিনে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান ঝিনাইগাতী ইউপি উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান ঝিনাইগাতী ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৬। চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, হাতিবান্দা ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে দফাদার ও গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক দফাদার ও গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান হাতিবান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৭। চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, মালিঝিকান্দা ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য থাকায় দাপ্তরিক কাজকর্ম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। বিধিমোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী ও চেয়ারম্যান মালিঝিকান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত ভ্রমণভাতা বিল উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সদস্য সচিব সংশ্লিষ্ট কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। গ্রাম পুলিশ নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজন থাকায় পত্রিকার বিল কিভাবে পরিশোধ করা হবে এ বিষয়ে তিনি সভায় প্রস্তাব পেশ করেন। | আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ্রাম পুলিশ নিয়োগের জন্য পত্রিকার বিজ্ঞপ্তি বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি,ঝিনাইগাতী |

০৪। আলোচনার বিষয়ঃ বিবিধ।

| | | |
|---|---|---|
| ৪.০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০,০৫৪,২০১৩-২৬৪, তারিখঃ ১৬/০২/২০২০ খ্রিঃ মূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(ম) মোতাবেক আনছার নিয়োগের নির্দেশনা রয়েছে। তিনি উক্ত নির্দেশনা মোতাবেক একজন আনছার নিয়োগের প্রস্তাব করেন। | আলোচনা কলামে বর্ণিত আনছার নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| ৪.০২। উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটির সংস্কার ও রংকরণ করা প্রয়োজন। উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও রংকরণ প্রকল্প।<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোঃ সাইফুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। | আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যাবহার নির্দেশিকা মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ;<br>উপজেলা নির্বাহ অফিসার,<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি,<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৪.০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,ঝিনাইগাতী উপজেলায় কর্মরত গ্রাম পুলিশদের থানায় হাজিরা ভাতা প্রায় ১৮(আঠার) মাস যাবত বকেয়া রয়েছে। সম্প্রতি স্থানীয় সরকার বিভাগ হতে একটি পরিপত্রের মাধ্যমে বলায় হয় যে, যদি ১% অর্থের সংকুলান না হয় তবে হাট বাজার ইজারার ৪১%(উপজেলা পরিষদ অংশে) হতে পরিশোধ করতে হবে। গ্রাম পুলিশগণ গরীব ও নিম্নবেতনভূক্ত কর্মচারী হিসেবে তাদের বেতনের বিষয়টি অগ্রাধিকার দেয়ার জন্য সভায় প্রস্তব পেশ করেন। সে লক্ষ্যে তিনি স্থানীয় সরকার বিভাগের পরিপত্র নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯. ২০১১-৫২৯,তারিখঃ ২৩ নভেম্বর,২০২০ খ্রি.পত্র সকলের অবগতির জন্য সভায় পাঠ করেন। | সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে বলা হয় যেহেতু হাট-বাজার ইজারার ৪১% অর্থ উপজেলা রাজস্ব তহবিলের আয় সেহেতু উপজেলা রাজস্ব তহবিল হতে গ্রাম পুলিশদের বকেয়া ১৮(আঠার) মাসের থানায় হাজিরা ভাতা পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>এছাড়াও প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিলের আয়ের উৎস হিসেবে পরিগণিত ১% উপজেলা পরিষদ,২% ভূমি উন্নয়ন কর ইত্যাদিতে অর্থ থাকা সাপেক্ষে গ্রাম পুলিশদের বকেয়া ১৮(আঠার) মাসের থানায় হাজিরা ভাতা পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৪.০৪। উপজেলা ভাইস চেয়ারম্যান,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যানের সরকারী বাসভবনের ভিতরের অংশের বিভিন্ন জায়গায় বাউন্ডারী ওয়াল ও গ্রীল নির্মাণ করা প্রয়োজন। উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের সরকারী বাসভবনের ভিতরের অংশের বিভিন্ন জায়গায় বাউন্ডারী ওয়াল ও গ্রীল নির্মাণ।<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোঃ শামসুজ্জামান বাবু,ইউ.পি সদস্য,ঝিনাইগাতী ইউ.পি। | আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যাবহার নির্দেশিকা মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ;<br>উপজেলা নির্বাহ অফিসার,<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি,<br>ঝিনাইগাতী, শেরপুর। |

পরিশেষে সভাপতি মহোদয় উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০১/২০২১

(এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাঈম)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪- (২)/১(৩৫)

তারিখ ঃ ২১-০১-২০২১ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, শেরপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
০৫। উপজেলা ....................................অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
০৬। চেয়ারম্যান,..................................ইউনিয়ন ও সদস্য, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
০৭। অফিস কপি।

২১/০১/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ঝিনাইগাতী,শেরপুর।